



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩- ১৯০

তারিখঃ ৩০ অক্টোবর ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তিঃ

মাননীয় প্রধান বিচারপতির বাসভবনে হামলা বিচার ব্যবস্থার প্রতি অসম্মান প্রদর্শনের সামিল

- ড. কামাল উদ্দিন আহমেদ

গত ২৮ অক্টোবর ২০২৩ তারিখ প্রধান দুটি রাজনৈতিক দলের সমাবেশকে কেন্দ্র করে সহিংসতার এক পর্যায়ে কাকরাইল মসজিদ সংলগ্ন এলাকায় নৈরাজ্য সৃষ্টিকারীগণ মাননীয় প্রধান বিচারপতির সরকারি বাসভবন এবং নিকটবর্তী বিচারপতি ভবনে সন্ত্রাসী হামলা ও ভাংচুর করে। এ ঘটনায় তীব্র উদ্বেগ প্রকাশ করেছে জাতীয় মানবাধিকার কমিশন। কমিশন চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ বলেন, “প্রধান বিচারপতির বাসভবনে আক্রমণ মানে বিচার ব্যবস্থার প্রতি অসম্মান প্রদর্শনের সামিল মর্মে মনে করে জাতীয় মানবাধিকার কমিশন। এটি অত্যন্ত দুর্ভাগ্যজনক ও ন্যাক্কারজনক। এ ধরনের ঘট্য অপরাধ যারা করেছে, তাদের আইনের আওতায় এনে উপযুক্ত শাস্তি দিতে হবে বলে আমি মনে করি”।

তিনি আরও বলেন, ‘একটি গণতান্ত্রিক দেশে রাজনৈতিক দলগুলো সভা সমাবেশ করবে, একে অপরকে বিভিন্ন ইস্যুতে গঠনমূলক সমালোচনা করবে এটাই প্রত্যাশিত। তবে সভা-সমাবেশের নামে জনগণের জান-মালের ওপর আক্রমণ, অগ্নিসংযোগ ও সংঘর্ষের ঘটনা চরম নিন্দনীয় যার নিন্দা ও সমালোচনা প্রকাশের কোনো ভাষা নেই। সহিংসতার এক পর্যায়ে নৈরাজ্য সৃষ্টিকারীরা মাননীয় প্রধান বিচারপতির বাসভবনে আক্রমণ করে যা কোনোভাবেই মেনে নেয়া যায়না। এ আক্রমণ সার্বিক বিচার ব্যবস্থার প্রতি হুমকি এবং কমিশন এতে গভীর নিন্দা এবং উদ্বেগ প্রকাশ করেছে।’

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ।